● সবার মধ্যে পারস্পরিক সম্পর্ক সৃষ্টি করে

**১৪৯. অনেক আগে যোগাযোগের জন্য কী করা হতো?** (অনুধাবন)
ⓚ মোবাইল ব্যবহার করে ফোন করা হতো
ⓚ ইন্টারনেটে ই-মেইল পাঠানো হতো
ⓖ ল্যান্ডফোনে ফোন করা হতো
● এক গ্রাম থেকে অন্য গ্রামে যেতে হতো

**১৫০. বিশেষ বিশেষ দিবসগুলোতে আমরা আইসিটির বিভিন্ন উপকরণ ব্যবহার করে প্রিয়জনদের সাথে শুভেচ্ছা, উদ্বেগ বা উৎকণ্ঠা বিনিময় করি। সমাজে এরূপ ভাব বিনিময়ের প্রভাব কী?** (উচ্চতর দক্ষতা)
ⓚ সমাজ গড়ে ওঠে ● সামাজিক বন্ধন দৃঢ় হয়
ⓖ সামাজিক সম্পর্ক নষ্ট হয় ⓘ সমাজ দ্রুত গতিতে এগিয়ে যায়

**১৫১. আইসিটি সামাজিক চাহিদা পূরণের ব্যাপারগুলোকে–** (অনুধাবন)
ⓚ অনেক কঠিন করে তুলেছে ⓚ অসম্ভব করে তুলেছে
● হাতের মুঠোয় নিয়ে এসেছে ⓘ কল্পনার বাইরে নিয়ে গেছে

**১৫২. সামাজিক যোগাযোগের জন্য ইন্টারনেটে কী তৈরি হয়েছে?** (জ্ঞান)
ⓚ ল্যাংগুয়েজ ⓚ প্রোগ্রাম ⓖ সফটওয়্যার ● ওয়েবসাইট

**১৫৩. যেকোনো অনুষ্ঠানে আমন্ত্রণ জানাতে কোন মাধ্যমটি ব্যবহার করা সুবিধাজনক?** (জ্ঞান)
ⓚ কাগজের আমন্ত্রণ পত্র ⓚ টেলিফোন
ⓖ মুঠোফোন ● ই-মেইল

**১৫৪. নীলা কীভাবে খুব সহজে বিদেশি বন্ধুকে শুভেচ্ছা বার্তা পাঠাতে পারে?** (প্রয়োগ)
● ই-মেইলে ই-কার্ড পাঠিয়ে ⓚ ডাকযোগে কার্ড পাঠিয়ে
ⓖ সরাসরি তার বাড়িতে গিয়ে ⓘ মুঠোফোনে ফোন করে

**১৫৫. ই-কার্ড কয়ভাবে পাঠানো যায়?** (জ্ঞান)
● দুই ⓚ তিন ⓖ চার ⓘ পাঁচ

**১৫৬. ই-কার্ড কোথায় পাওয়া যায়?** (জ্ঞান)
● ইন্টারনেটে ⓚ কম্পিউটারে ⓖ সুপার মার্কেটে ⓘ পৌর বাজারে

**১৫৭. ছবি আপলোড করার জনপ্রিয় ওয়েবসাইট কোনটি?** (জ্ঞান)
ⓚ মজিলা ফায়ারফক্স ⓚ ফেসবুক
● গুগল পিকাসা ⓘ ফ্রিল্যান্সার

**১৫৮. ভিডিও শেয়ারিং-এর জন্য কোন সাইটটি সবচেয়ে জনপ্রিয়?** [গভ. ল্যাবরেটরি হাই স্কুল, রাজশাহী]
ⓚ ফেসবুক ● ইউটিউব ⓖ গুগল ⓘ স্কাইপি

**১৫৯. সাব্বির কোন ওয়েবসাইটটি ব্যবহার করে তার তোলা ভিডিও বিশ্বের সামনে তুলে ধরতে পারবে?** (প্রয়োগ)
● ইউটিউব ⓚ ইল্যান্স ⓖ ওলফ্রাম আলফা ⓘ ওডেস্ক

**১৬০. ই-মেইল গ্রহণ ও প্রেরণ করার জন্য কম্পিউটারের সাথে যুক্ত করতে হয়–** [সিলেট মডেল স্কুল অ্যান্ড কলেজ]
ⓚ ফ্যাক্স ⓚ স্ক্যানার ● ইন্টারনেট ⓘ ল্যাপটপে

**১৬১. এসএমএস-এর সুবিধা কী?** [নোয়াখালী পাবলিক স্কুল]
ⓚ কম খরচ
ⓚ প্রাপক সুবিধামতো সময়ে দেখে নিতে পারেন
ⓖ প্রেরকের পাঠাতে কম পরিশ্রম লাগে
● এসএমএসের মাধ্যমে দ্রুত উত্তর পাওয়া যায়

**১৬২. ই-মেইল পড়া যায়–** [বর্ডার গার্ড পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, সিলেট]
ⓚ প্রিন্টারে ⓚ স্ক্যানারে ⓖ সাউন্ডকার্ডে ● ল্যাপটপে

**১৬৩. বর্তমানে ভর্তি প্রক্রিয়া শুরু হয় কীভাবে?** [দাউদ পাবলিক স্কুল, যশোর সেনানিবাস]
ⓚ এমএমএস মাধ্যমে ⓚ মোবাইল মাধ্যমে
● এসএমএস মাধ্যমে ⓘ পত্রিকার মাধ্যমে

**১৬৪. কোন কার্ড তৈরিতে কাগজ, কালি, কলম ও রং ব্যবহৃত হয় না?** [দাউদ পাবলিক স্কুল, যশোর সেনানিবাস]
ⓚ ই-মেইল ⓚ ফান কার্ড ⓖ ভার্চুয়াল কার্ড ● ই-কার্ড

**১৬৫. নিচের কোনটির মাধ্যমে শুভেচ্ছা পাঠাতে কোনো খরচ লাগে না?** [চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়]
ⓚ এসএমএস ⓚ এমএমএস ⓖ ডাক ● ই-মেইল

**১৬৬. ঘরে বসে কিসের সাহায্যে ট্রেনের টিকিট বুক করা যায়?** [বেগমগঞ্জ সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, নোয়াখালী]
● মোবাইল ফোন ⓚ কম্পিউটার ⓖ ল্যাপটপ ⓘ ই-বুক রিডার

**১৬৭. ই-কার্ড কোথায় পাওয়া যায়?** [বেগমগঞ্জ সর. পাইলট উ.বিদ্যা. নোয়াখালী]
ⓚ স্কুলে ⓚ বাজারে ⓖ টেলিভিশনে ● ইন্টারনেটে

**১৬৮. কোনটি ভিডিও শেয়ারিংয়ের ওয়েবসাইট?** [বিয়াম মডেল স্কুল ও কলেজ, বগুড়া, সিটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]
ⓚ www.picasa.google.com ⓚ www.flickr.com
● www.youtube.com ⓘ www.gmail.com

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৬৯. আগের দিনে যোগাযোগ করতে–** (অনুধাবন)
i. ইন্টারনেট ব্যবহার করা হতো
ii. ঢোল বাজিয়ে খবর দেয়া হতো
iii. এক গ্রাম থেকে অন্য গ্রামে যেতে হতো

নিচের কোনটি সঠিক?

ক i ও ii  খ i ও iii  ● ii ও iii  ঘ i, ii ও iii

১৭০. যেকোনো সামাজিক অনুষ্ঠানে শাওন তার বন্ধুদের আমন্ত্রণ জানাতে পারে— (প্রয়োগ)

i. ইন্টারনেটে ই-মেইল পাঠিয়ে  ii. কাগজের আমন্ত্রণ পত্র পাঠিয়ে

iii. মুঠোফোনে ক্ষুদেবার্তা পাঠিয়ে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii  খ iও iii  গ iiও iii  ● i, ii ও iii

১৭১. রাকিন যেসব উপায়ে তার বিদেশি বন্ধুকে শুভেচ্ছা বার্তা পাঠাতে পারে— (প্রয়োগ)

i. নিজ কম্পিউটারে ই-কার্ড তৈরি করে ই-মেইল পাঠিয়ে

ii. ই-কার্ড সাইড থেকে পছন্দের ই-কার্ড ই-মেইল করে

iii. কার্ডের দোকান থেকে পছন্দের ই-কার্ড ই-মেইল করে

নিচের কোনটি সঠিক?

● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

১৭২. বিশেষ দিবসে লায়লা তার বন্ধুকে শুভেচ্ছা জানাতে পারে— (প্রয়োগ)

i. ই-কার্ড পাঠিয়ে  ii. মুঠোফোনে ক্ষুদে বার্তা পাঠিয়ে

iii. এফএম রেডিওতে প্রিয় গান বাজিয়ে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

১৭৩. ই-কার্ড অনেক পরিবেশবান্ধব কারণ— [রংপুর জিলা স্কুল]

i. ইন্টারনেট ব্যবহৃত হয়  ii. কালি ব্যবহার হয় না

iii. কাগজ ব্যবহার হয় না

নিচের কোনটি সঠিক?

ক i ও ii  খ i ও iii  ● ii ও iii  ঘ i, ii ও iii

১৭৪. সজিব ইন্টারনেটের যে ওয়েবসাইটগুলো ব্যবহার করে ছবি আপলোড করে তা অন্যদের জানাতে পারে— (প্রয়োগ)

i. গুগলের পিকাসা  ii. ইয়াহুর ফ্লিকার

iii. ওলফ্রাম আলফা

নিচের কোনটি সঠিক?

● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

১৭৫. ইউটিউব ওয়েবসাইটটি ব্যবহার করে রাফি যে কাজগুলো করতে পারবে— (প্রয়োগ)

i. ইন্টারনেট থেকে পছন্দের ছবি আপলোড করা

ii. নিজের তোলা ভিডিও অন্যদের সাথে শেয়ার করা

iii. অন্যের শেয়ার করা ভিডিও নিজের কম্পিউটারে দেখা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii  খ i ও iii  ● ii ও iii  ঘ i, ii ও iii

১৭৬. আমাদের সামাজিক জীবনে আইসিটির অবদান অপরিসীম। কেননা আইসিটির নানা উপকরণ— (উচ্চতর দক্ষতা)

i. আমাদের সামাজিক কর্মকাণ্ডকে সহজভাবে করার সুযোগ দিচ্ছে

ii. আমাদের সামাজিক সম্পর্কগুলোকে বিকশিত করছে

iii. আমাদের শুভেচ্ছা, উদ্বেগ ও উৎকণ্ঠা প্রিয়জনদের পৌঁছে দিয়ে বন্ধনগুলো দৃঢ় করছে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

১৭৭. ই-মেইলে ই-কার্ড পাঠিয়ে শুভেচ্ছা বার্তা পাঠানোর সুবিধা হলো— (অনুধাবন)

i. কোনো ধরনের টাকা-পয়সা খরচ হবে না

ii. দূরত্ব যতই হোক বার্তা মুহূর্তের মধ্যে পৌঁছে যাবে

iii. গ্রহীতা তার সুবিধামতো শুভেচ্ছা বার্তাটি দেখে নিতে পারবে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৭৮ ও ১৭৯নং প্রশ্নের উত্তর দাও :**

জাহিদ তার বড় ভাইয়ের বিয়েতে ডিজিটাল ক্যামেরা দিয়ে অনেক ছবি তুলল। তার আমেরিকা প্রবাসী বড় বোন উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করতে না পারায় জাহিদকে ইন্টারনেটে ছবিগুলো পাঠিয়ে দিতে বলল।

১৭৮. জাহিদ তার বোনের কাছে ছবি পাঠাতে কোন ওয়েবসাইটটি ব্যবহার করবে? (প্রয়োগ)

ক ইউটিউব  ● গুগলের পিকাসা

গ ওলফ্রাম আলফা  ঘ টুইটার

১৭৯. অনুচ্ছেদের উক্ত ক্যামেরা দিয়ে ছবি তোলার সুবিধা হলো— (উচ্চতর দক্ষতা)

i. অসংখ্য ছবি তোলা যায়

ii. ছবি প্রিন্ট না করেও দেখা যায়

iii. ওয়েবসাইট ব্যবহার করে অন্যদের নিকট পাঠানো যায়

নিচের কোনটি সঠিক?

ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

## পাঠ ৭ : সমাজ জীবনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি v পৃষ্ঠা ১৪ ও ১৫

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৮০. কোনটি আমাদের সামাজিক যোগাযোগকে আকর্ষণীয় করে তুলেছে? (জ্ঞান)

ক কম্পিউটার প্রযুক্তি  খ মাল্টিমিডিয়া প্রযুক্তি

● তথ্য ও যোগাযোগ প্রযুক্তি  ঘ টেলিভিশন প্রযুক্তি

১৮১. সামাজিক ওয়েবসাইটগুলোর মধ্যে কোনটি সবচেয়ে বেশি ব্যবহৃত হচ্ছে? (জ্ঞান)

ক জোব্বা  খ মাইস্পেস  গ গুগল প্লাস  ● ফেসবুক

১৮২. ২০০৯ সালের জুলাই মাসে বাংলাদেশে ফেসবুক ব্যবহারকারীর সংখ্যা কত ছিল? (জ্ঞান)

ক ২৫ হাজার  খ ৭০ হাজার  ● ৯০ হাজার  ঘ ৯৬ হাজার

১৮৩. ফেসবুকে প্রত্যেক ব্যবহারকারী কী করতে পারে? (অনুধাবন)

ক বন্ধুদের ই-মেইল পাঠাতে পারে

● পরিচিতিমূলক ওয়েবপেজ চালু করতে পারে

গ প্রয়োজনীয় যে কোনো তথ্য সংগ্রহ করতে পারে

ঘ যে কোনো সমস্যার সমাধান খুঁজতে পারে

১৮৪. ফেসবুকে ব্যবহারকারীর তথ্য রাখার স্থানকে কী বলে? [বরগুনা জিলা স্কুল]

পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে সৃষ্টি করেছেন।– আল-কুরআন।

# বিডি সাইন্স একাডেমী

## বিষয়: আইসিটি, লেকচার শিট ▶ ১১

শ্রেণি-সপ্তম

ক) ফাইল ● প্রোফাইল গ) টুইট ঘ) সার্ভার

১৮৫. জাহিদ যদি মিরনকে বন্ধু হওয়ার জন্য অনুরোধ পাঠাতে চায় তাহলে কোনটি প্রয়োজন? (প্রয়োগ)

ক) ফেসবুকে জাহিদের প্রোফাইল থাকা
খ) ফেসবুকে মিরনের প্রোফাইল থাকা
● ফেসবুকে উভয়ের প্রোফাইল থাকা
ঘ) ফেসবুকে যেকোনো একজনের প্রোফাইল থাকা

১৮৬. রাকিন তার প্রোফাইলে একটি চমৎকার ছবি আপলোড করলে ছবিটি কে কে দেখতে পাবে? (প্রয়োগ)

ক) রাকিনের বন্ধুরা খ) মাত্র রাকিন নিজে
গ) রাকিন যাদের কাছে পাঠাবে ● রাকিনের নেটওয়ার্কে থাকা সবাই

১৮৭. ফেসবুক ব্যবহার করায় মিরনের বন্ধুর সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এখানে মিরনের বন্ধু কারা– (উচ্চতর দক্ষতা)

ক) যারা মিরনকে পছন্দ করে
খ) যাদের মিরন অপছন্দ করে
● যাদের সাথে মিরনের যোগাযোগ আছে
ঘ) যাদের সাথে মিরনের ভালো সম্পর্ক আছে

১৮৮. ফেসবুকে মনের ভাব প্রকাশ করাকে কী বলা হয়?
[আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল; গভ. ল্যাবরেটরি হাইস্কুল, রাজশাহী]

ক) কমেন্টস খ) লাইক ● স্ট্যাটাস ঘ) টুইট

১৮৯. ফেসবুকের স্ট্যাটাসকে টুইটারে কী বলে? (জ্ঞান)

ক) স্ট্যাটাস ● টুইট গ) সুইট ঘ) টুইটার স্ট্যাটাস

১৯০. ২০১০–১১ সালে আরব বিশ্বে যে সামাজিক বিপ্লব ঘটেছিল তার পেছনে কোনটির ভূমিকা প্রধান ছিল? (উচ্চতর দক্ষতা)

ক) মিডিয়া খ) সার্চ ইঞ্জিন
গ) রাজনৈতিক অভ্যুত্থান ● সামাজিক ওয়েবসাইট

১৯১. রাফি ফেসবুকে মাহিকে বন্ধু হওয়ার জন্য অনুরোধ পাঠালে মাহি সম্মতি জানায়। এতে কী গড়ে ওঠে? (উচ্চতর দক্ষতা)

ক) সমাজ খ) কম্পিউটার নেটওয়ার্ক
● সামাজিক নেটওয়ার্ক ঘ) গভীর বন্ধুত্বের সম্পর্ক

১৯২. প্রত্যেক ফেসবুক ব্যবহারকারীর অবশ্যই থাকতে হবে–

● ই–মেইল অ্যাড্রেস খ) ল্যাপটপ
গ) প্রিন্টার ঘ) ডেস্কটপ

১৯৩. উইকিপিডিয়া কী? [দাউদ পাবলিক স্কুল, যশোর সেনানিবাস]

● তথ্য জানা যায় খ) খাবারের অর্ডার দেওয়া যায়
গ) গিফট পাঠানো যায় ঘ) চিকিৎসা সেবা পাওয়া যায়

১৯৪. টুইটারে মনের ভাব প্রকাশ করাকে কী বলে? [আদমজী ক্যান্টমেন্ট পাবলিক স্কুল]

Facebook খ) Statue গ) Tweeter ● Tweet

১৯৫. অফিস ব্যবস্থাপনায় তথ্যপ্রযুক্তির ব্যবহারের ফলে বড় বড় ফাইলগুলো কিসে পরিণত হয়েছে? [বিয়াম মডেল স্কুল ও কলেজ, বগুড়া]

ক) ইলেকট্রনিক সার্কিট ● ইলেকট্রনিক ফাইল
গ) ইলেকট্রনিক ডিভাইস ঘ) ইলেকট্রনিক লেজার খাতা

১৯৬. সবচেয়ে বেশি ব্যবহৃত ওয়েবসাইট কোনটি?
[পিএন সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী]

● ফেসবুক খ) ইয়াহু গ) টুইটার ঘ) জোম্পা

১৯৭. সামাজিক যোগাযোগ সাইটে ব্যবহাকারীর পরিচিতিমূলক বিশেষায়িত ওয়েব পেজকে কী বলে? [বিয়াম মডেল স্কুল ও কলেজ, বগুড়া]

ক) ফাইল খ) পোর্টফোলিও গ) স্ট্যাটাস ● প্রোফাইল

১৯৮. ফেসবুকে একজন ব্যবহারকারী তার সাথে যুক্ত বন্ধুদের সাথে কী গড়ে তুলতে পারে? [বিয়াম মডেল স্কুল ও কলেজ, বগুড়া]

ক) সামাজিক সংঘ ● সামাজিক নেটওয়ার্ক
গ) সামাজিক বিশৃঙ্খলা ঘ) সামাজিক সংকট

১৯৯. যেটির সাহায্যে ইলেকট্রনিক চিঠিপত্রের আদান–প্রদান করা যায় তার নাম কী? [বন্নু বার্ড স্কুল, সিলেট]

ক) ই–বুক খ) ই–গেম গ) ই–পোস্ট ● ই–মেইল

২০০. ই–মেইরের পূর্ণনাম–
[ইস্পাহানি উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম; আর্মড পুলিশ ব্যাটালিয়ন স্কুল অ্যান্ড কলেজ]

ক) ইলেকট্রিক মেইল খ) ইলেকট্রক্যামিকেল মেইর
● ইলেকট্রনিক মেইল ঘ) E-mail

২০১. ২০১২ সালের জুলাই মাসে বাংলাদেশে ফেসবুক ব্যবহারকারীর সংখ্যা কত ছিল?
[ইস্পাহানি উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম; আর্মড পুলিশ ব্যাটালিয়ন স্কুল অ্যান্ড কলেজ]

ক) ৯৬ হাজার ● ২৫ লাখ গ) ২০ হাজার ঘ) ৯৬ লাখ

২০২. নিচের কোনটি ব্যক্তিগত যোগাযোগের সবচেয়ে জনপ্রিয় মাধ্যম?
[বিয়াম মডেল স্কুল ও কলেজ, বগুড়া]

ক) টেলিফোন খ) ফ্যাক্স গ) কম্পিউটার ● মোবাইল ফোন

২০৩. নিচের কোনটি একটি জনপ্রিয় ওয়েবমেইল? [তালা বি.দে. সরকারি উচ্চ বিদ্যালয়]

ক) WWW ● E-MAIL
গ) E-COMMERCE ঘ) E-GOVERN

২০৪. এক দেশ থেকে অন্য দেশের কোনো বন্ধুকে খুঁজে পাওয়ার সহজ মাধ্যম কী?
[সরকারি করোনেশন মাধ্যমিক বালিকা বিদ্যালয়]

ক) রেডিও খ) কম্পিউটার ● ফেসবুক ঘ) টেলিভিশন

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২০৫. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আমাদের সামাজিক যোগাযোগকে– (অনুধাবন)

i. দ্রুত করে তুলেছে
ii. কার্যকর করে তুলেছে
iii. আকর্ষণীয় করে তুলেছে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

২০৬. সামাজিক যোগাযোগ সাইটগুলো ব্যবহার করে মনি যে কাজগুলো করতে পারবে তার মধ্যে উল্লেখযোগ্য হলো– (প্রয়োগ)

i. নিজের ভালো লাগা মন্দ লাগা প্রকাশ
ii. যে কোনো ছবি কিংবা ভিডিও বিনিময়
iii. যে কোনো গাণিতিক সমস্যা সমাধান

নিচের কোনটি সঠিক?

● i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

২০৭. সামাজিক যোগাযোগে শাওন যে ওয়েবসাইটগুলো ব্যবহার করতে পারবে–(প্রয়োগ)

i. ফেসবুক
ii. ফ্রিল্যান্সার
iii. মাইস্পেস

নিচের কোনটি সঠিক?

ⓐ i ও ii ● i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

২০৮. ফেসবুকে স্ট্যাটাস দেওয়ার মাধ্যমে একজন– [বরগুনা জিলা স্কুল]

i. নিজের মনের ভাব প্রকাশ করেন
ii. অন্যকে কোনো তথ্য জানাতে পারেন
iii. বন্ধুকে গান শোনাতে পারেন

নিচের কোনটি সঠিক?

● i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

২০৯. বাবুল ফেসবুকে তার একটি প্রোফাইল চালু করল। এই প্রোফাইল দিয়ে সে– (প্রয়োগ)

i. তার বন্ধুরা তাকে খুঁজে নিতে পারবে
ii. সে তার বন্ধুদের খুঁজে নিতে পারবে
iii. বন্ধুদের সাথে ছবি, ভিডিও, তথ্য বিনিময় করতে পারবে

নিচের কোনটি সঠিক?

ⓐ i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ● i, ii ও iii

২১০. সামাজিক যোগাযোগের সাইটগুলোর মাধ্যমে– (অনুধাবন)

i. পণ্যের বিজ্ঞাপন দেওয়া যায় ii. কাজের খবর প্রকাশ করা যায়
iii. সামাজিক আন্দোলন গড়ে তোলা যায়

নিচের কোনটি সঠিক?

ⓐ i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ● i, ii ও iii

২১১. ফেসবুক ওয়েবসাইটটি ব্যবহার করে রাব্বি যে জিনিসগুলো বিনিময় করতে পারবে– (প্রয়োগ)

i. তথ্য ii. ছবি iii. ভিডিও

নিচের কোনটি সঠিক?

ⓐ i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ● i, ii ও iii

২১২. শাহীন তার বন্ধু কলিমকে বন্ধু হওয়ার অনুরোধ পাঠালে কলিম তাতে সম্মতি জানায়। শাহীন এবং কলিম মিলে হবে– (উচ্চতর দক্ষতা)

i. নেটওয়ার্ক ii. সামাজিক নেটওয়ার্ক
iii. সামাজিক ওয়েবসাইট

নিচের কোনটি সঠিক?

● i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২১৩ ও ২১৪নং প্রশ্নের উত্তর দাও :**

ফাহিম তার ফেসবুক একাউন্ট খোলার পর দেখল সেখানে তার বন্ধু সোহানের জন্মদিনের ব্যাপারটি উলেরখ রয়েছে। সাথে সাথে সোহানকে শুভেচ্ছা বার্তা পাঠানোর সিদ্ধান্ত নিল।

২১৩. সোহানের জন্মদিনের ব্যাপারটি– (উচ্চতর দক্ষতা)

ⓐ সোহান ফাহিমকে জানিয়েছে
ⓑ অন্য বন্ধুরা ফাহিমকে জানিয়েছে
● ফেসবুক নিজ থেকে ফাহিমকে জানিয়েছে
ⓓ ফাহিম ফেসবুকে নোট করে রেখেছিল

২১৪. ফেসবুক ওয়েবসাইট ব্যবহার করে ফাহিম যেভাবে সোহানকে শুভেচ্ছা জানাতে পারে– (প্রয়োগ)

i. সোহানের প্রোফাইলে শুভেচ্ছা বার্তা লিখে
ii. নিজের প্রোফাইলে সোহানের জন্য শুভেচ্ছা বার্তা লিখে
iii. সোহানের ফেসবুক একাউন্টে ই–কার্ড ইমেইল করে

নিচের কোনটি সঠিক?

ⓐ i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ● i, ii ও iii

## অতিরিক্ত সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ আমাদের ব্যক্তি জীবনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কীভাবে ব্যবহৃত হচ্ছে?**

**উত্তর :** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এমন একটা প্রযুক্তি যা আমাদের সবার জীবনে কোনো না কোনোভাবে প্রভাব ফেলেছে। বর্তমানে পৃথিবীতে এমন একজন মানুষও খুঁজে পাওয়া যাবে না যে, কোনো না কোনোভাবে এই প্রযুক্তি ব্যবহার করেনি কিংবা তার জীবনে এই প্রযুক্তি কোনো না কোনো পরিবর্তন আনেনি। নিচে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির গুরবত্বপূর্ণ কিছু ব্যবহার উলেরখ করা হলো :

১. আমরা এখন যখন ইচ্ছে মোবাইল ফোন ব্যবহার করে একজন আরেকজনের সাথে যোগাযোগ করছি।
২. ঘরে বসে সবাই একসাথে টেলিভিশনে গান শুনছি, নাটক, সিনেমা দেখছি, পৃথিবীর বিভিন্ন দেশে ঘটে যাওয়া ঘটনা তাৎক্ষণিক জানতে পারছি।
৩. জিপিএস ব্যবহার করে পৃথিবীর যেকোনো জায়গার অবস্থান বের করে ফেলছি।

**প্রশ্ন ॥ ২ ॥ মোবাইল টেলিফোন কীভাবে আমাদের জীবনের মানকে উন্নত করেছে?**

**উত্তর :** বর্তমান যুগে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যে উপকরণটি সবচেয়ে বেশি ব্যবহৃত হচ্ছে তা হলো মোবাইল টেলিফোন। শুরবতে মোবাইল টেলিফোনের দাম অনেক বেশি থাকায় তা সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার বাইরে ছিল। কিন্তু তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উন্নয়নের ফলে একদিকে যেমন এর ক্ষমতা বেড়েছে তেমনি অন্যদিকে মূল্য কমে সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে চলে এসেছে। এখন আমাদের চারপাশে প্রায় সবার কাছেই মোবাইল টেলিফোন রয়েছে। তাই এখন আমরা যখন ইচ্ছে একজন আরেকজনের সাথে যোগাযোগ করতে পারি। তাছাড়া মোবাইল টেলিফোন দিয়ে এখন গান শোনা, ছবি দেখা, ভিডিও করা ইত্যাদি কাজও করে ফেলা যায়। এভাবেই মোবাইল টেলিফোন আমাদের অর্থ, সময় ও শ্রমের সাশ্রয় ঘটিয়ে আমাদের জীবনের মানকে উন্নত করছে।

**প্রশ্ন ॥ ৩ ॥ মোবাইল টেলিফোনকে কেন বুদ্ধিমান যন্ত্র বলা হচ্ছে?**

**উত্তর :** তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যে উপকরণগুলো এখন একই সাথে কাজ ও বিনোদনের ক্ষেত্রে ব্যবহৃত হচ্ছে মোবাইল ফোন তাদের মধ্যে অন্যতম। আগে গান শোনার জন্য মানুষকে আলাদাভাবে কোনো একটা যন্ত্র কিনতে হতো। কিন্তু এখন আমরা মোবাইল টেলিফোন

দিয়েই গান শুনতে পারি। একটা সময় ক্যামেরা ছিল শুধু ধনীদের ব্যবহারের বিষয়। এখন সাধারণ মোবাইল টেলিফোন দিয়েই যেকোনো মানুষ ছবি তুলতে পারে, ভিডিও করতে পারে। এভাবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নয়নের সাথে সাথে মোবাইল ফোনের ক্ষমতাও বৃদ্ধি পাচ্ছে। ধারণা করা হচ্ছে একসময় হয়তো কম্পিউটারের যাবতীয় কাজ আমরা মোবাইল ফোন দিয়ে করে ফেলতে পারব। এসব কারণেই মোবাইল টেলিফোনকে এখন বুদ্ধিমান যন্ত্র বলা হচ্ছে।

**প্রশ্ন ॥ ৪ ॥ জিপিএস কী? এর ব্যবহার সম্পর্কে লেখ।**

**উত্তর :** জিপিএস হচ্ছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির একটা উপকরণ। এই উপকরণটি ব্যবহার করে আমরা পৃথিবীর যেকোনো জায়গার অবস্থান বের করে করতে পারি। পথঘাট না চিনলে মানুষ কেমন করে তার গন্তব্যে পৌঁছবে। এক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি একটা মজার ব্যাপার ঘটিয়েছে। পৃথিবীটাকে ঘিরে অনেক কৃত্রিম উপগ্রহ ঘুরছে। তারা পৃথিবীতে সংকেত পাঠায়। সেই সংকেতকে জিপিএস দিয়ে বিশ্লেষণ করে আমরা বুঝতে পারি যে আমরা কোথায় আছি। আর তার সাথে একটা ম্যাপকে জুড়ে দিতে পারলে আমরা যেকোনো জায়গায় চলে যেতে পারব। আজকাল নতুন সব গাড়িতেই জিপিএস লাগিয়ে দেয়া হয়।

**প্রশ্ন ॥ ৫ ॥ ই-বুক রিডার ও ই চিকিৎসা কেন্দ্র বলতে কী বোঝ? ব্যাখ্যা কর।**

**উত্তর : ই–বুক রিডার :** ই–বুক রিডার হচ্ছে শিক্ষাক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির একটি বিশেষ অবদান। ই–বুক রিডার ব্যবহার করে বই পড়া যায়। একটি ই–বুক রিডারে কয়েক হাজার বই সংরক্ষণ করা যায়। তাই শিক্ষার্থীরা তাদের পাঠ্যবই ছাড়াও আরও অনেক বই সংরক্ষণ করতে পারবে।

**ই–চিকিৎসা কেন্দ্র :** ই–চিকিৎসা কেন্দ্র হলো এমন একটি ওয়েবসাইটের ঠিকানা যেখানে বিশেষজ্ঞ ডাক্তারদের নামের লিস্ট এবং তাদের চেম্বারের ঠিকানা থাকে। যেকোনো স্বাস্থ্য সমস্যায় সঠিক চিকিৎসা পেতে আমরা এই চিকিৎসা কেন্দ্রে যোগাযোগ করে সঠিক পরামর্শ পেতে পারি। ই–চিকিৎসা কেন্দ্র দিন রাত ২৪ ঘণ্টাই খোলা থাকে। তাই এখান থেকে যেকোনো স্বাস্থ্য সমস্যায় আমরা তাৎক্ষণিক পরামর্শ পেতে পারি।

**প্রশ্ন ॥ ৬ ॥ কাগজবিহীন অফিস কাকে বলে? এ অফিসের সুবিধাগুলো লেখ।**

**উত্তর :** যে অফিসে কোনো ধরনের কাগজ ব্যবহার না করেই অফিসের যাবতীয় কার্যক্রম পরিচালনা করা হয় তাকে কাগজবিহীন অফিস বলে। এ অফিসের সুবিধাগুলো নিচে বর্ণনা করা হলো :

১. কাগজে কিছু লেখা হয় না বলে কাগজের খরচ বেঁচে যায়।
২. কাগজ তৈরি হয় গাছ থেকে তাই যখন কাগজ বেঁচে যায় তখন গাছও বেঁচে যায়, পরিবেশটা থাকে অনেক সুন্দর।
৩. কাগজে লেখার কালি টোনার ব্যবহৃত হয় না বলে রাসায়নিক দ্রব্য দিয়ে পরিবেশও দূষণ হয় না।

**প্রশ্ন ॥ ৭ ॥ কাগজবিহীন অফিস তৈরির প্রয়োজনীয় উপকরণসমূহের বর্ণনা দাও।**

**উত্তর :** কাগজবিহীন অফিস বলতে বিশেষ এক ধরনের অফিসকে বোঝায় যেখানে কোনো ধরনের কাগজ ব্যবহার না করেই অফিসের যাবতীয় কার্যক্রম পরিচালনা করা হয়। নিচে কাগজবিহীন অফিস তৈরির প্রয়োজনীয় উপকরণসমূহের বর্ণনা দেয়া হলো :

১. অফিসের সবার জন্য একটি করে কম্পিউটার থাকবে।
২. কম্পিউটারগুলো নেটওয়ার্কের মাধ্যমে পরস্পরের সাথে সংযুক্ত থাকবে।
৩. অফিসে মাল্টিমিডিয়া প্রজেক্টর থাকবে।
৪. অফিসে প্রিন্টার, স্ক্যানার ইত্যাদি সামগ্রী থাকবে এবং সেগুলো নেটওয়ার্কের আওতাভুক্ত থাকবে।
৫. কম্পিউটারগুলোতে ইন্টারনেট সংযোগ থাকবে।

**প্রশ্ন ॥ ৮ ॥ ইলেকট্রনিক ভোটিং মেশিনের সুবিধাগুলো লেখ।**

**উত্তর :** ইলেকট্রনিক ভোটিং মেশিন ব্যবহারের সুবিধাগুলো নিচে উল্লেখ করা হলো :

১. ইলেকট্রনিক ভোটিং মেশিনের সাহায্যে একাধারে সঠিকভাবে ভোট গ্রহণ ও দ্রুততার সাথে ভোট গণনা করা সম্ভব।
২. ইলেকট্রনিক ভোটিং মেশিন ব্যবহার করলে কোটি কোটি টাকার ব্যালট পেপার ছাপানোর খরচ, কাগজের খরচ, এগুলোর বহন খরচ সবই সাশ্রয় হয়।
৩. ইলেকট্রনিক ভোটিং মেশিনে ভোট গ্রহণ করলে ভোটে তথ্য দীর্ঘদিন পর্যন্ত সংরক্ষণ করা যায়।
৪. এ পদ্ধতিতে ভোট কেন্দ্রে না গিয়েও দূরবর্তী স্থান হতে ভোট প্রদান করা সম্ভব।
৫. ভোট প্রদান পদ্ধতি তুলনামূলকভাবে সহজ বলে বৃদ্ধ ও অক্ষম ভোটারগণও সহজে তাদের মূল্যবান ভোট দিতে পারেন।

**প্রশ্ন ॥ ৯ ॥ ভার্চুয়াল অফিস কী? এর সুবিধাগুলো লেখ।**

**উত্তর : ভার্চুয়াল অফিস :** ভার্চুয়াল অফিস হচ্ছে এমন এক ধরনের অফিস যেখানে যারা কাজ করে তারা কেউ সশরীরে উপস্থিত থাকে না কিন্তু অফিসের কাজ চলতে থাকে।

**ভার্চুয়াল অফিসের সুবিধা :** সব ধরনের অফিসকে ভার্চুয়াল অফিস বানানো যায় না। কিন্তু যেগুলোকে বানানো যায় সেগুলো নিম্নোক্ত সুবিধাসমূহ ভোগ করে–

১. ভার্চুয়াল অফিস তৈরি করতে কোনো বড় বিল্ডিং দরকার হয় না। তাই অনেক কম খরচে ভার্চুয়াল অফিস তৈরি করা যায়।
২. এ ধরনের অফিসে কর্মচারীদের সশরীরে উপস্থিত থাকতে হয় না। তাই যাতায়াত খরচ, সময় ও শ্রম সাশ্রয় হয়।
৩. কর্মচারীরা ঘরে বসে অফিসের কাজ করার সময় অফিসের কাজের পাশাপাশি বাড়ির কাজগুলোও করে ফেলতে পারেন।
৪. এ ধরনের অফিসে ২৪ ঘণ্টা কাজ করার সুযোগ থাকায় অনেক বেশি কাজ করা যায়।
৫. ভার্চুয়াল অফিসে পৃথিবীর যেকোনো প্রান্ত থেকে দক্ষ কর্মী নিয়োগ দিয়ে কাজ করানো যায়।

**প্রশ্ন ॥ ১০ ॥ কল সেন্টারের কার্যপদ্ধতি বর্ণনা কর।**

**উত্তর :** কল সেন্টারের মূল কাজ হলো গ্রাহকের প্রশ্নের উত্তর দেয়া। কোনো গ্রাহক কোনো একটা কোম্পানির কাছে তাদের পণ্য বা সেবা সম্পর্কে কিছু জানতে চাইলে কিংবা তাদের কোনো পণ্য বা সেবা গ্রহণ করে কোনো ধরনের সমস্যার সম্মুখীন হলে তার সমাধান জানতে ফোন করলে তার উত্তর দেয় সেই কোম্পানির নির্ধারিত কোনো কল সেন্টারের কর্মী। ধরা যাক কেউ একটা মোবাইল কিনেছে এবং সেই মোবাইলটি ব্যবহার করতে গিয়ে সে কোনো সমস্যায় পড়ল। সে তখন সেই মোবাইল কোম্পানিতে ফোন করল। সে হয়তো ভাবছে তার ফোনের উত্তর দিচ্ছে আশপাশের কোনো একজন মানুষ। আসলে সেই ফোনটি হয়তো চলে এসেছে পৃথিবীর অন্য কোনো প্রান্তে কোনো একটি কল সেন্টারে, যা সেই মোবাইল কোম্পানির প্রশিক্ষণপ্রাপ্ত প্রতিনিধি দ্বারা পরিচালিত। যে ফোনটি রিসিভ করবে সে সহজেই মোবাইল ক্রেতার প্রশ্নের উত্তরটি দিতে পারবে। কারণ তার কাছে আগে হয়তো আরও অনেকে এই প্রশ্নটি করেছে। এভাবেই একটি কল সেন্টার কাজ করে।

**প্রশ্ন ॥ ১১ ॥ তরুণ–তরুণীদের কাছে ভার্চুয়াল অফিস জনপ্রিয় কেন?**

**উত্তর :** তরুণ–তরুণীরা ধরা বাধা নিয়মে আবদ্ধ থাকতে চায় না। তারা স্বাধীনভাবে ঘুরে বেড়াতে চায়। কর্মক্ষেত্রেও তারা তাদের পরিধিটা ছোট ঘরের মধ্যে আবদ্ধ না রেখে সারা পৃথিবীতে ছড়িয়ে দিতে চায়। ভার্চুয়াল অফিসে যারা কাজ করে তাদের নির্দিষ্ট সময়ে সশরীরে অফিসে উপস্থিত হয়ে নির্দিষ্ট সময় পর্যন্ত কাজ করতে হয় না। তারা যেকোনো স্থানে থেকে ইন্টারনেট ব্যবহার করে অফিসের কাজগুলো করে ফেলতে পারে। তাই অফিসের কাজের পাশাপাশি তারা তাদের ব্যক্তিগত কাজগুলোও করে ফেলতে পারে। তাছাড়া সশরীরে উপস্থিত হতে হয় না বলে তাদের অফিসের কাছাকাছিও থাকতে হয় না। তারা নিজেদের সুবিধামতো যে কোনো স্থানে বসবাস করতে পারে। ভার্চুয়াল অফিসের এসব

সুযোগ–সুবিধার কারণেই বর্তমান তরবণ–তরবণীদের কাছে এ ধরনের অফিস অনেক বেশি জনপ্রিয়।

**প্রশ্ন ॥ ১২ ॥ ইন্ডাস্ট্রিয়াল রোবট কী? বড় বড় শিল্প কারখানায় এর ব্যবহার বৃদ্ধি পাচ্ছে কেন?**

**উত্তর : ইন্ডাস্ট্রিয়াল রোবট :** ইন্ডাস্ট্রিয়াল রোবট হচ্ছে বিশেষ এক ধরনের রোবট যা দিয়ে আজকাল বিপজ্জনক যান্ত্রিক কাজ করানো হয়।

নিচে শিল্প কারখানায় ইন্ডাস্ট্রিয়াল রোবটের ব্যবহার বৃদ্ধির কারণ বর্ণনা করা হলো :

১. শিল্প কারখানার বিপজ্জনক কাজগুলো রোবট দিয়ে খুব সহজে করিয়ে নেয়া যায়।
২. মানুষ কাজ করতে করতে ক্লান্ত হয়ে পড়ে কিন্তু রোবট কখনো ক্লান্ত হয় না। এ কারণে মানুষের চেয়ে রোবট দিয়ে অনেক বেশি কাজ করানো যায়।
৩. একই কাজ বার বার করতে হলে মানুষ বিরক্ত হয় কিন্তু রোবট কখনো বিরক্ত হয় না।
৪. মানুষ তাদের বেতন ও অন্যান্য সুবিধা বৃদ্ধির জন্য প্রায়ই আন্দোলন করে। তখন কাজের ৰতি হয়। কিন্তু রোবট দিয়ে কাজ করালে এ ধরনের সমস্যার সম্মুখীন হতে হয় না।
৫. মানুষ কাজ করার সময় প্রায়ই ভুল করে কিন্তু রোবট কখনো ভুল করে না।

উপরিউক্ত সুবিধাগুলোর জন্য শিল্প কারখানায় দিন দিন ইন্ডাস্ট্রিয়াল রোবটের ব্যবহার বৃদ্ধি পাচ্ছে।

**প্রশ্ন ॥ ১৩ ॥ আইসিটি ব্যবহার করে কীভাবে সামাজিক বন্ধন দৃঢ় করা যায়?**

**উত্তর :** আমাদের যেসব বন্ধু–বান্ধব, আত্মীয় স্বজন দূরে থাকে বিভিন্ন বিশেষ দিবসগুলোতে আইসিটি ব্যবহার করে আমরা তাদের শুভেচ্ছা বার্তা পাঠাতে পারি। বিভিন্ন দিবসে শুভেচ্ছা জানাতে মুঠোফোনের খুদেবার্তা এখন খুব জনপ্রিয়। এর মাধ্যমে আমরা আমাদের শুভেচ্ছা, উদ্বেগ বা উৎকণ্ঠা খুব সহজে প্রিয়জনের কাছে পৌঁছে দিতে পারি। তাছাড়া বিভিন্ন এফএম রেডিওতে পছন্দের গান বাজিয়েও প্রিয় বন্ধুকে শুভেচ্ছা জানাতে পারি। এসএমএসের মাধ্যমে শ্রবণ প্রতিবন্ধীরাও ভাববিনিময় করতে পারে। একইভাবে কথা বলা সফটওয়্যার এর মাধ্যমে দৃষ্টিপ্রতিবন্ধীরাও কম্পিউটার বা মোবাইল ফোন ব্যবহার করতে পারে। এভাবে আইসিটির বিভিন্ন উপকরণ ব্যবহার করে সামাজিক বন্ধন দৃঢ় করা যায়।

**প্রশ্ন ॥ ১৪ ॥ স্মৃতি সংরক্ষণ ও বিনিময়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কীভাবে ব্যবহৃত হচ্ছে?**

**উত্তর :** অনেক দিন আগে থেকে জীবনের রঙিন ও গুরবত্বপূর্ণ ঘটনাবলির ছবি তুলে রাখা এবং তা সবার সঙ্গে বিনিময় করার একটি সংস্কৃতি রয়েছে। যাদের সামর্থ্য আছে তাদের অনুষ্ঠানটি ভিডিও ক্যামেরায় ধারণ করে রাখে। বর্তমানে এমন মোবাইল ফোন সহজলভ্য হয়েছে যেখানে ক্যামেরা এমনকি ভিডিও ক্যামেরাও রয়েছে। তাই জীবনের যেকোনো মুহূর্ত এখন আগামী দিনের জন্য সংরৰণ করে রাখা সম্ভব হচ্ছে। এছাড়া এসব ডিজিটাল ছবি ইচ্ছে করলেই প্রিয়জনদের কাছে পাঠিয়ে দেয়া যাচ্ছে। ইন্টারনেটে এখন এমন অনেক সাইট রয়েছে যেখানে ছবি আপলোড করে তা অন্যদের পাঠিয়ে দেয়া যায়। এরকম সাইটগুলোর মধ্যে গুগলের পিকাসা এবং ইয়াহুর ফ্লিকার এখন খুব জনপ্রিয়। তবে শুধু ছবি নয় আমরা চাইলে আমাদের করা ভিডিও সারাবিশ্বের সামনে তুলে ধরতে পারি ভিডিও শেয়ারিং সাইটের মাধ্যমে। এরকম সাইটগুলোর মধ্যে ইউটিউব সবচেয়ে বেশি ব্যবহৃত হচ্ছে।

**প্রশ্ন ॥ ১৫ ॥ ফেসবুকে সামাজিক নেটওয়ার্ক তৈরির প্রক্রিয়াটি বর্ণনা কর।**

**উত্তর :** ফেসবুক প্রত্যেক ব্যবহারকারী তার পরিচিতিমূলক একটি বিশেষায়িত ওয়েবপেইজ চালু করতে পারে। এই ওয়েব পেইজকে বলা হয় ব্যবহারকারীর প্রোফাইল। ব্যবহারকারী তার নিজের সম্পর্কে তথ্য, তার ভালো লাগা মন্দ লাগা ইত্যাদি বিষয়গুলো তার প্রোফাইলে প্রকাশ করে। এরপর একজন তার প্রোফাইল থেকে ফেসবুকে তার বন্ধুদের খুঁজে বের করে। এখানে বন্ধু বলতে একজন মানুষের সঙ্গে অন্য যত মানুষের যোগাযোগ থাকবে তাদের সবাইকে বোঝায়। যদি ফেসবুকে কারো কোনো বন্ধু বা পরিচিত ব্যক্তির প্রোফাইল থাকে তাহলে সে তাকে খুঁজে নিয়ে বন্ধু হওয়ার জন্য অনুরোধ পাঠাতে পারে। তখন ঐ বন্ধু বা পরিচিত ব্যক্তি যদি তার অনুরোধে সম্মতি পাঠায় তাহলে তারা দুজন বন্ধু হয়ে যাবে। সে আর তার বন্ধু মিলে তৈরি হবে তার সামাজিক নেটওয়ার্ক।

**প্রশ্ন ॥ ১৬ ॥ ফেসবুক কী? ফেসবুক ব্যবহার করে যে সমস্ত কাজ করা যায় সেগুলো বর্ণনা কর।**

**উত্তর : ফেসবুক :** ফেসবুক হচ্ছে একটি সামাজিক যোগাযোগের সাইট। বর্তমানে পৃথিবীর কোটি কোটি লোক ফেসবুক ব্যবহার করছে।

**ফেসবুকের ব্যবহার :** ফেসবুক ব্যবহার করে যে সমস্ত কাজ করা যায় তার মধ্যে উলেরখযোগ্য হলো :

১. কাছের এবং দূরের বন্ধুবান্ধব, আত্মীয়স্বজনের সাথে যোগাযোগ রৰা করা যায়।
২. নিজের ভালো লাগা মন্দ লাগার কথা অন্যদের জানানো যায় এবং অন্যদের সম্পর্কেও জানা যায়।
৩. সামাজিক বিভিন্ন অনুষ্ঠান যেমন : জন্মদিন, বিবাহ, ঈদ, পূজা এরকম অনুষ্ঠানে শুভেচ্ছা বিনিময় করা যায়।
৪. জরবরি সময় সমস্যা সমাধানের জন্য বন্ধুদের কাছে সাহায্য চাওয়া যায়।
৫. এর মাধ্যমে সমাজের মানুষকে বিভিন্ন বিষয়ে জানানো এবং সচেতন করা যায়।
৬. এই ওয়েবসাইটটি ব্যবহার করে প্রয়োজনীয় তথ্য, ছবি এবং ভিডিও বিনিময় করা যায়।
৭. পণ্য ও সেবা সম্পর্কে বিজ্ঞাপন প্রচার করা যায়, নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা যায়, সামাজিক আন্দোলন গড়ে তোলা যায়।
৮. নতুন বন্ধু বানানো এবং অপরিচিত লোকজনের সঙ্গে নেটওয়ার্ক গড়ে তোলা যায়।
৯. এর মাধ্যমে বন্ধুদের সাথে ভয়েস চ্যাটিং ও ভিডিও চ্যাটিং করা যায়।
১০. শিৰামূলক বিভিন্ন অ্যাপিরকেশন, কুইজ ইত্যাদিতে অংশগ্রহণের মাধ্যমে জ্ঞানার্জন করা যায়।

**প্রশ্ন ॥ ১৭ ॥ বিনোদনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার লেখ।**

**উত্তর :** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিয়ে আমরা যে শুধু কাজ করতে পারি তা নয়– এটা এখন বিনোদনেরও চমৎকার মাধ্যম হয়ে দাঁড়িয়েছে। আগে গান শোনার জন্য মানুষকে আলাদাভাবে কোনো একটা যন্ত্র কিনতে হতো– এখন মোবাইল টেলিফোনেই সে গান শুনতে পারে। একটা সময় ক্যামেরা ছিল শুধু ধনীদের ব্যবহারের বিষয়– এখন সাধারণ মোবাইল টেলিফোন দিয়েই যেকোনো মানুষ ছবি তুলতে পারে, ভিডিও করতে পারে। মোবাইল টেলিফোন ধীরে ধীরে বুদ্ধিমান একটা যন্ত্র হয়ে দাঁড়াচ্ছে। এটা দিয়ে অনেক ধরনের কাজ করা যায়– ঠিক সে রকম কম্পিউটারও ছোট হতে শুরব করেছে। ডেস্কটপ থেকে ল্যাপটপ, ল্যাপটপ থেকে নোটবুক, নোটবুক থেকে স্মার্ট ফোন অর্থাৎ আমাদের হাতে এমন একটা যন্ত্র চলে আসছে যেটা দিয়ে আমরা অসংখ্য কাজ করতে পারব।

**প্রশ্ন ॥ ১৮ ॥ আইসিটি প্রয়োগ করে কীভাবে স্মৃতি সংরক্ষণ ও বিনিময় করা যায়?**

**উত্তর :** অনেকদিন আগে থেকে জীবনের রঙিন ও গরবত্বপূর্ণ ঘটনাবলির ছবি তুলে রাখা এবং তা সবার সঙ্গে বিনিময় (শেয়ার) করার একটি সংস্কৃতি রয়েছে। যাদের সামর্থ্য আছে তারা তাদের অনুষ্ঠানটি ভিডিও ক্যামেরায় ধারণ করে রাখে। বর্তমানে এমন মোবাইল ফোন সহজলভ্য হয়েছে যেখানে ক্যামেরা এমনকি ভিডিও ক্যামেরাও রয়েছে। তার ফলে জীবনের যেকোনো মুহূর্ত আগামি দিনের জন্য সংরৰণ করে রাখা সম্ভব হচ্ছে। এছাড়া এ ধরনের ডিজিটাল ছবি ইচ্ছে করলেই প্রিয়জনের কাছে পাঠিয়ে দেওয়া যায়। ইন্টারনেটে এখন বিভিন্ন সাইট রয়েছে যেখানে তুমি ছবি আপলোড করে তা অন্যদের জানাতে পারবে। এরকম সাইটগুলোর মধ্যে গুগলের পিকাসা (picasa.google.com) এবং ইয়াহুর ফ্লিকার

এখন সবচেয়ে বেশি জনপ্রিয়। কেবল ছবি নয়, ইচ্ছে করলে তুমি তোমার তোলা ভিডিও সারাবিশ্বের সামনে তুলে ধরতে পারো ভিডিও শেয়ারিং সাইটের মাধ্যমে। এরকম সাইটগুলোর মধ্যে ইউটিউব (www.youtube.com) সবচেয়ে জনপ্রিয়।